দৈনিক সংবাদ
28 DEC 1998
১ ... ৫

# প্রশ্নপত্র ফাঁস ঃ পুরস্কার দাবি করছে দুই পক্ষ

(নিজস্ব বার্তা পরিবেশক)

১৯৯৮ সালের এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের খুঁজে বের করার জন্য শিক্ষা মন্ত্রণালয় ঘোষিত ৫ লাখ টাকা পুরস্কার দাবি করছে দুই সংস্থা। একটি হচ্ছে চট্টগ্রামের জেলা প্রশাসন অপরটি পুলিশের স্পেশাল ব্রাঞ্চ।

চট্টগ্রামের জেলা প্রশাসক এবং স্পেশাল ব্রাঞ্চের এডিশনাল আইজি শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আলাদা আলাদা চিঠিতে ঘোষিত পুরস্কারের ৫ লাখ টাকা দাবি করেছেন।

চট্টগ্রামের জেলা প্রশাসক তার চিঠিতে বলেছেন ঃ চট্টগ্রামের একজন এডিসির নেতৃত্বে একটি বিশেষ টিম প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করে গ্রেফতার করেছে। পুরস্কারের ৫ লাখ টাকা তাদেরই প্রাপ্য।

অন্যদিকে স্পেশাল ব্রাঞ্চের এডিশনাল আইজি তার চিঠিতে বলেছেন ঃ এসবির একজন এসএসএর নেতৃত্বে একটি বিশেষ টিম প্রশ্নপত্র ফাঁসকারীদের গ্রেফতার করেছে। তিনি পুরস্কারের টাকা এসবিকে দেয়ার অনুরোধ করেছেন। পুরস্কারের অর্থ দুটি সংস্থা দাবিদার হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নিতে পারেনি।